

# ক্যাটে আবেদনের মেয়াদ বাড়ল

এমবিএ পড়ার যোগ্যতা নির্ধারক পরীক্ষা ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) দেওয়ার অনলাইন আবেদনের সময়সীমা বাড়িয়ে ২১ সেপ্টেম্বর করা হল। দেশের আইআইএমগুলি (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট)-সহ অন্যান্য ম্যানেজমেন্ট শিক্ষা প্রতিষ্ঠানে ক্যাট এর নম্বরের ভিত্তিতে এমবিএ কোর্সে

পড়ুয়াদের ভর্তি নেওয়া হয়। প্রতি বছর দেশের আইআইএমগুলির কোনও একটি এই পরীক্ষার দায়িত্ব নেয়। চলতি বছরে এই পরীক্ষা নেওয়ার দায়িত্বে রয়েছে আইআইএম ব্যাঙ্গালোর। দেশ জুড়ে বিভিন্ন পরীক্ষাকেন্দ্রে ক্যাট নেওয়া হবে ২৭ নভেম্বর।

নিজস্ব সংবাদদাতা